

চার্বাক দর্শন

CARVAKA PHILOSOPHY

চার্বাক দর্শনের বৈশিষ্ট্য

- বিশুদ্ধ জড়বাদী
- জাগতিক সুখভোগ পরম লক্ষ্য
- লোকায়ত দর্শন
- জ্ঞান লাভের উপায় হল প্রমাণ
- প্রত্যক্ষই একমাত্র প্রমাণ

প্রমাণ

- প্রত্যক্ষই একমাত্র প্রমাণ
- প্রত্যক্ষ দুই প্রকার-বাহ্য প্রত্যক্ষ ও মানস প্রত্যক্ষ
- অনুমান ও শব্দ প্রমাণ নয় ।

অনুমান প্রমানের বিরুদ্ধে চার্বাকদের আপত্তি

- ব্যাপ্তিজ্ঞান নির্ভরযোগ্য না হলে ব্যাপ্তিজ্ঞান নির্ভর অনুমানও নির্ভরযোগ্য নয় ।
- দুটি বস্তু পাশাপাশি থাকলেই তাদের মধ্যে নিয়ত সম্পর্ক আছে, এ কথা প্রমাণিত হয় না । কারণ বস্তু দুটিকে প্রত্যক্ষ করা গেলেও তাদের সম্বন্ধকে প্রত্যক্ষ করা যায় না ।
- কোন নিয়ত সম্বন্ধ বর্তমানে প্রত্যক্ষ হলেও, অতীতে বা ভবিষ্যতে সেই সম্বন্ধ সত্য নাও হতে পারে ।
- ব্যাপ্তিজ্ঞান অনুমান নির্ভর হতে পারে না । কারণ যদি তা অনুমান নির্ভর হয়, তবে সেই অনুমানের ব্যাপ্তিকে আর একটি অনুমানের উপর নির্ভর করতে হয় । এভাবে চলতে থাকলে অনবস্থা দোষ ঘটবে ।

অনুমান প্রমানের বিরুদ্ধে চার্বাকদের আপত্তি

- অনুমানলব্ধ জ্ঞান প্রত্যক্ষের মতো সুস্পষ্ট নয়। তাই এ জ্ঞান সম্ভাবনামূলক, নিশ্চিত নয়।
- অনুমানলব্ধ জ্ঞান বস্তু হতে সরাসরি আসে না। আসে অন্য জ্ঞানের মাধ্যমে। তাই এ জ্ঞানকে যথার্থ জ্ঞান বলা চলে না।
- ব্যাপ্তি সম্বন্ধের জ্ঞান বিশ্বাসযোগ্য ব্যক্তির কাছ থেকে পাওয়া যেতে পারে না। কারণ যে বিশ্বাসযোগ্য ব্যক্তির কাছ থেকে এই জ্ঞান পাওয়া যাবে, তিনি বিশ্বাসযোগ্য কিনা সে জ্ঞানই অনুমান নির্ভর। তাছাড়া অনুমান করার জন্য সবসময় যদি বিশ্বাসযোগ্য ব্যক্তির উপর নির্ভর করতে হয়, তবে নিজে অনুমান করা সম্ভব হবে না।

অনুমান সম্পর্কে চার্বাক মতবাদের সমালোচনা

- প্রত্যক্ষই যথার্থ, অনুমান অযথার্থ, চার্বাকদের এই অভিমতই অনুমানের ফলস্বরূপ।
- অনেক ক্ষেত্রেই প্রত্যক্ষণের মাধ্যমে প্রাপ্ত জ্ঞান ভ্রান্ত প্রমাণিত হয়। মনে হয় পৃথিবী সমতল, কিন্তু আসলে পৃথিবী গোলাকার। মনে হয় পৃথিবী স্থির। কিন্তু প্রকৃতপক্ষে পৃথিবী সূর্যের চারদিকে ঘূর্ণায়মান।